

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় সঞ্চয় অধিদপ্তর  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
৬২/৩, পুরানা পল্টন (এন,এস,সি টাওয়ার)  
১৮ তলা, ঢাকা-১০০০।  
www.nationalsavings.gov.bd

নং- ০৮.০৪.০০০০.০০৬.৬৫.৪৩৭.১৬.

তারিখঃ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ।  
জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ।

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব ইমাম হোসেন, অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, রংপুর কর্তৃক গত ২৮/০৬/২০১৮ খ্রি: তারিখ রাতে জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, রংপুরের অভ্যন্তরে একটি প্রাপ্ত বয়স্ক মেয়ে নিয়ে অফিসে অবৈধভাবে রাত্রিযাপন করে গুরুতর অপরাধ করাসহ উক্ত অফিসের ৪টি চেয়ার, ১টি সিলিং ফ্যান ও ১৫ দিস্তা কাগজ অফিস কর্তৃপক্ষের অগোচরে বিক্রি করা এবং কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারী দায়িত্ব পালনে চরম অবহেলা ও দায়িত্বহীনতার অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) মোতাবেক যথাক্রমে “অসদাচরণ (Misconduct)” ও “পলায়ন (Desertion)” এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ১২/০২/২০১৯ খ্রি: তারিখের ০৮.০৪.০০০০.০০৬.৬৫. ৪৩৭.১৬-৩২০ নম্বর স্মারকমূলে কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা তা জানতে চাওয়া হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মচারী অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর আলোকে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে ১০/০৬/২০১৯ খ্রি: তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানি অন্তে ন্যায় বিচার নিশ্চিত করার লক্ষ্যে এবং অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে আনীত অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা থাকায় জনাব মোহাম্মদ হাবীবুর রহমান, পরিচালক (উপসচিব), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকাকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত কার্যক্রম সমাপনান্তে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তা প্রতিবেদনের সার্বিক মতামতে উল্লেখ করেন যে, জনাব ইমাম হোসেন-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ দু’টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে। তদন্ত প্রতিবেদনের আলোকে একই বিধিমালার ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে “চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, জনাব ইমাম হোসেন দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন। ২য় কারণ দর্শানোর জবাব, তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট বিধি-বিধান ও সার্বিক বিষয় পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ দু’টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব, ২য় কারণ দর্শানোর জবাব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) অনুযায়ী তাকে “চাকুরী হতে অপসারণ (Removal From Service)” এর গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

পূর্ব পৃষ্ঠার পর:

সেহেতু, জনাব ইমাম হোসেন, অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, রংপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী “অসদাচরণ (Misconduct)” এর অভিযোগ দু’টি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(গ) বিধি মোতাবেক তাকে চাকুরী হতে অপসারণ (Removal From Service) গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-


(সামছুন্নাহার বেগম)  
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)  
☎ ০২-৯৫৫৯৯০৮  
ই-মেইলঃ dg.nsd.bd@gmail.com

নং- ০৮.০৪.০০০০.০০৬.৬৫.৪৩৭.১৬. ২৮৮

তারিখঃ ৮ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ।  
২২ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন ও জনসংযোগ/বাজেট ও ক্যাশ/ব্যুরো ও পরিসংখ্যান/নীতি ও অডিট এবং আইন), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ০৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা-পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ১০ (দশ) কপি অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর।
- ০৬। উপ-পরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, রংপুর।
- ০৭। জনাব মো: মাসুদুর রহমান, সহকারী পরিচালক (জনসংযোগ), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা(প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ০৮। জনাব ইমাম হোসেন, অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, (সাময়িক বরখাস্ত), জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, রংপুর।
- ০৯। জনাব ইমাম হোসেন, স্থায়ী ঠিকানাঃ পিতা মৃত আহাম্মদ হোসেন, গ্রাম: জয়নাবাড়ী, পো:+ থানা: ঘাটাইল, জেলা: টাংগাইল।  
বর্তমান ঠিকানাঃ পিতা মৃত আহাম্মদ হোসেন, গ্রাম: ধনকুন্ডা, পো: এল.এস.সি মিলস, থানা: সিদ্দিরগঞ্জ, জেলা: নারায়ণগঞ্জ।
- ১০। অফিস কপি।

  
(সামছুন্নাহার বেগম)  
মহাপরিচালক(অতিরিক্ত সচিব)